

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, মে ১৯, ২০২৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
নিকার-১ শাখা
প্রজ্ঞাপন

তারিখ: ৪ জ্যৈষ্ঠ ১৪৩৩/১৮ মে ২০২৬

বিষয়: লক্ষ্মীপুর জেলার সদর উপজেলার ৯ (নয়) টি ইউনিয়নের সমন্বয়ে 'চন্দ্রগঞ্জ' নামে নতুন উপজেলা গঠন।

নং ০৪.০০.০০০০.০০০.৭২১.০৬.০০০১.২৬.৭৭—প্রশাসনিক পুনর্বিন্যাস সংক্রান্ত জাতীয় বাস্তবায়ন কমিটি (নিকার)-এর ১২০তম সভার সিদ্ধান্ত অনুযায়ী সরকার লক্ষ্মীপুর জেলার সদর উপজেলার ৯ (নয়)টি ইউনিয়ন যথা: (১) বশিকপুর, (২) দত্তপাড়া, (৩) উত্তর জয়পুর, (৪) চন্দ্রগঞ্জ, (৫) হাজিরপাড়া, (৬) চরশাহী, (৭) দিঘলী, (৮) মান্দারী ও (৯) কুশাখালী-এর সমন্বয়ে 'চন্দ্রগঞ্জ' উপজেলা গঠনের সিদ্ধান্ত গ্রহণ করেছে। উক্ত উপজেলার বিভিন্ন অফিসের জন্য নিম্নরূপ অফিস সেট-আপ অনুমোদন করা হয়েছে:

ক্রমিক নম্বর	স্থাপিতব্য অফিসের নাম	কর্মকর্তা-কর্মচারী		
		কর্মকর্তা	কর্মচারী	মোট
১.	উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় (ক) সংরক্ষিত (খ) হস্তান্তরিত	১	১৫	১৬
২.	উপজেলা ভূমি অফিস	১	১১	১২
৩.	থানা (পুলিশ স্টেশন)	১	২৫	২৬
৪.	উপজেলা হিসাবরক্ষণ অফিস	১	৩	৪

(১৮০২৭)

মূল্য : টাকা ৪.০০

ক্রমিক নম্বর	স্থাপিতব্য অফিসের নাম	কর্মকর্তা-কর্মচারী		
		কর্মকর্তা	কর্মচারী	মোট
৫.	উপজেলা শিক্ষা অফিস	৩	৩	৬
৬.	উপজেলা প্রকৌশল অফিস	১	১৬	১৭
৭.	উপজেলা নির্বাচন অফিস	১	২	৩
৮.	উপজেলা আনসার ও ভিডিপি অফিস	১	২	৩
৯.	উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার অফিস	১	১	২
১০.	উপজেলা খাদ্য অফিস	১	৩	৪
১১.	উপজেলা চেয়ারম্যানের অফিস	-	৩	৩
১২.	উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার অফিস (হাসপাতালসহ)	১০	৩৭	৪৭
১৩.	উপজেলা কৃষি অফিস	৩	২৪	২৭
১৪.	উপজেলা প্রাণিসম্পদ অফিস	২	৭	৯
১৫.	উপজেলা মৎস্য অফিস	১	৪	৫
১৬.	উপজেলা পরিবার পরিকল্পনা অফিস	২	৮	১০
১৭.	উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল অফিস	১	৭	৮
১৮.	উপজেলা মহিলা বিষয়ক অফিস	১	১	২
১৯.	উপজেলা পল্লী উন্নয়ন অফিস	২	১	৩
২০.	উপজেলা সমাজ সেবা অফিস	১	৯	১০
২১.	উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস	২	৪	৬
২২.	উপজেলা সমবায় অফিস	১	৩	৪
২৩.	উপজেলা পরিসংখ্যান অফিস	১	৩	৪
২৪.	উপজেলা যুব উন্নয়ন অফিস	১	৬	৭
	সর্বমোট =	৪০	১৯৮	২৩৮

২। উপর্যুক্ত সরকারি সিদ্ধান্তের আলোকে সংশ্লিষ্ট সকল মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর 'চন্দ্রগঞ্জ' উপজেলা গঠনের লক্ষ্যে লোকবল নিয়োগের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

৩। 'চন্দ্রগঞ্জ' উপজেলার সদর দপ্তর চন্দ্রগঞ্জ ১২১ নং মটবী মৌজা ও ১৫৬ নং চরচামিতা মৌজায় স্থাপিত হবে।

মোহাম্মদ খালেদ হাসান
অতিরিক্ত সচিব (সমন্বয়)।

মোহাম্মদ আবু ইউসুফ, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd